প্রথম আলো

তারিখ

অনার্স পরীক্ষার কেন্দ্র পরিবর্তনের প্রতিবাদ

# জগন্নাথ ও ঢাকা কলেজের সামনের রাস্তা অবরোধ, ৩৫টি গাড়ি ভাঙচুর

**নিজস্ব প্রতিবেদক**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স পরীক্ষা কেন্দ্র পরিবর্তনের প্রতিবাদে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ ও ঢাকা কলেজের ছাত্ররা গতকাল বৃহস্পতিবার তাদের কলেজের সামনের রাস্তা অবরোধ করে ৩০-৩৫টি গাড়ি ভাঙচুর করেছে। এ সময় উভয় এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে এবং দোকানপাট বন্ধ হয়ে যায়।

জানা গেছে, জগন্নাথ কলেজের বিক্ষুব্ধ ছাত্ররা দুপুর ১টার দিকে প্রশাসনিক ভবনের দরজা এবং জানালা ভাঙচুর করা শুরু করে। একপর্যায়ে তারা জনসন সড়ক অবরোধ করে ১৫-১৬টি গাড়ি ভাঙচুর করে। পুলিশ অবস্থা বেগতিক দেখে সদরঘাট-নবাবপুর সড়কে গাড়ি চলাচল বন্ধ করে দিলে বিক্ষুব্ধ ছাত্ররা ভিক্টোরিয়া পার্কের সামনে দাঁড়িয়ে থাকা চার-পাঁচটি বাস ও ট্রাক ভাঙচুর করে। পরে কোতয়ালি ও সূত্রাপুর থানাপুলিশ ঘটনাস্থলে গিয়ে বেলা আড়াইটার দিকে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এদিকে দুপুর ১টার দিকে ঢাকা কলেজের বিক্ষুব্ধ ছাত্ররা কলেজের সামনে মিরপুর রোডে ব্যারিকেড দিয়ে বাস, ট্যাক্সি, মিনিবাস ও মোটরসাইকেলসহ প্রায় ১২টি গাড়ি ভাঙচুর করে। এ সময় পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে আপসের মাধ্যমে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

ঢাকা কলেজ সূত্র জানায়, কেন্দ্র পরিবর্তনের প্রতিবাদে গত দুদিন ধরে ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। গত বুধবারও বিক্ষুব্ধ ছাত্ররা কলেজের সামনে বিক্ষোভ করে। এ সময় ছোটখাটো ভাঙচুরের ঘটনাও ঘটে।

এ ব্যাপারে ধানমন্ডি থানায় যোগাযোগ করা হলে কর্তব্যরত কর্মকর্তা জানান, কিছুই ঘটেনি।